

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বীরগঞ্জ, দিনাজপুর
www.birganj.dinajpur.gov.bd

স্মারক নম্বর- ০৫.৫৫.২৭১২.০০৭.০৭.০০৫.২৬-১০৭৩

তারিখ: ১৮ ডায় ১৪৩৩
২ সেপ্টেম্বর ২০২৬

মহানাদার পদে নিয়োগ বিজ্ঞপ্তি

বীরগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়নসমূহের পার্শ্বে উল্লেখিত ওয়ার্ডসমূহের প্রতিটিতে বর্ণিত বেতনে মহানাদার পদে ০১ (এক) জন করে লোক নিয়োগের নিমিত্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	বেতন
১.	২নং পলাশবাড়ী	৫	মোট ৭,৫০০/- টাকা (সরকারি অংশ ৫০% এবং ইউপি অংশ ৫০%) এছাড়া সরকার ঘোষিত প্রাপ্য সকল সুবিধাদি।
২.	৪নং পাল্টাপুর	১	
৩.	৫নং সুজালপুর	৯	
৪.	৬নং নিজপাড়া	৬	
৫.	৭নং মোহাম্মদপুর	৯	
৬.	৯নং সাতোর	৩	
৭.	১০নং মোহনপুর	৬	
৮.	১১নং মরিচা	৯	

শর্তাবলী:

- প্রার্থীকে নির্ধারিত নমুনা অনুসরণপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর বরাবরে স্বহস্তে লিখিত আবেদন দাখিল করতে হবে। নমুনা আবেদনপত্র এ বিজ্ঞপ্তির শেষে দেয়া হলো।
- আগামী ০৬/০৯/২০২৬ খ্রি. হতে ৩০/০৯/২০২৬ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি উপস্থিত হয়ে আবেদন দাখিল করা যাবে। তবে ডাকযোগে প্রেরিত কোন আবেদন ৩০/০৯/২০২৬ খ্রি. তারিখের পর পাওয়া গেলে তা বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখে প্রার্থীর বয়স অবশ্যই ১৮ বৎসর হতে ৩২ বৎসরের মধ্যে হতে হবে।
- প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে কোন কারণে সংশ্লিষ্ট ওয়ার্ড হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের অন্য কোন ওয়ার্ডের প্রার্থীকে নিয়োগ দেয়া যাবে।
- প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত শারিরীক যোগ্যতা সম্পন্ন হতে হবে:


প্রার্থী	সর্বনিম্ন উচ্চতা	সর্বনিম্ন ওজন	সর্বনিম্ন বুকের মাপ	
			স্বাভাবিক অবস্থায়	সম্প্রসারিত অবস্থায়
পুরুষ	৫ ফুট ২ ইঞ্চি	৫০ কেজি	৩০ ইঞ্চি	৩২ ইঞ্চি
মহিলা	৫ ফুট	৪৫ কেজি	২৮ ইঞ্চি	৩০ ইঞ্চি

- আবেদনের সাথে ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, প্রার্থী সংশ্লিষ্ট ওয়ার্ড / ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি, বয়সের প্রমাণ স্বরূপ জন্ম সনদ ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি এবং ১০ (দশ) টাকার ডাকটিকেটসহ একটি ফেরত খাম দাখিল করতে হবে।

চলমান-২

৪

- ৮। এ নিয়োগের ক্ষেত্রে, যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসর প্রাপ্ত মহানাদার এর পুত্র, কন্যা বা প্রত্যেক পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৯। এ নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত কোটা পদ্ধতি সম্পর্কিত নির্দেশাবলী, যতদূর সম্ভব অনুসরণ করা হবে।
- ১০। এ নিয়োগের ক্ষেত্রে, এ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই এমন কোন বিষয়ের ক্ষেত্রে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৪ মে ২০১৫ খ্রি. তারিখে জারীকৃত স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর বিধানাবলী এবং সরকার কর্তৃক জারীকৃত এবং বর্তমানে বলবৎ আছে এমন অন্যান্য বিধানাবলী অনুসরণ করা হবে।


(সুমা খান)

উপজেলা নির্বাহী অফিসার

বীরগঞ্জ, দিনাজপুর

ফোন: ০২৫৮৯৯২৮৩৬৫

ই-মেইল : unobirganj@mopa.gov.bd




তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩
২ সেপ্টেম্বর ২০২৬

স্মারক নম্বর- ০৫.৫৫.২৭১২.০০৭.০৭.০০৫.২৬-১০৭৩(৪০)

অনুলিপিঃ সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
- ২। প্রশাসক, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর।
- ৩। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। উপজেলা কর্মকর্তা (সকল), বীরগঞ্জ, দিনাজপুর। বিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। অফিসার ইনচার্জ, বীরগঞ্জ থানা, দিনাজপুর। বিজ্ঞপ্তি তার থানার নোটিশ বোর্ডে প্রদান এবং বর্তমানে কর্মরত দফাদার ও মহানাদারদের মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডসমূহে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল), বীরগঞ্জ, দিনাজপুর। বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশ এবং ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রদানসহ ইউনিয়ন ও সংশ্লিষ্ট ওয়ার্ডে গুরুত্বপূর্ণ স্থান ও হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করত: তার প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর। বিজ্ঞপ্তি উপজেলা তথ্য বাতায়নে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৮। এ কার্যালয়ের নোটিশ বোর্ড।
- ৯। অফিস কপি।


(সুমা খান)

উপজেলা নির্বাহী অফিসার

বীরগঞ্জ, দিনাজপুর।



আবেদনের নমুনা

বরাবর

উপজেলা নির্বাহী অফিসার
বীরগঞ্জ, দিনাজপুর।

বিষয় : মহানুদার পদে নিয়োগের জন্য আবেদন।

মহোদয়,

আপনার কার্যালয় হতে খ্রি. তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি মারফত জানতে পারলাম যে, বীরগঞ্জ উপজেলাধীন নং ইউনিয়নের নং ওয়ার্ডে মহানুদার পদে একজন লোক নিয়োগ করা হবে। উক্ত পদের জন্য আমি একজন প্রার্থী। নিম্নে আমার ব্যক্তিগত এবং যোগ্যতা সম্পর্কিত তথ্যাবলী প্রদান করা হলো:

১. প্রার্থীর নাম (বাংলায়):
(ইংরেজীতে) :
২. লিঙ্গ:
৩. পিতার নাম:
৪. মাতার নাম:
৫. স্থায়ী ঠিকানা: গ্রাম..... ইউনিয়ন ওয়ার্ড নং
উপজেলা জেলা
৬. বর্তমান ঠিকানা: গ্রাম ইউনিয়ন ওয়ার্ড নং
উপজেলা জেলা
৭. (ক) জন্ম তারিখ:
(খ) ৩০/০৯/২০২৬ খ্রি. তারিখে বয়স: বছর মাস দিন।
৮. জাতীয়তা:
৯. ধর্ম:
১০. বৈবাহিক অবস্থা:
১১. শিক্ষাগত যোগ্যতা:
১২. শারীরিক যোগ্যতা: (ক) উচ্চতা: (খ) ওজন:
(গ) বুকের মাপ: স্বাভাবিক অবস্থায় সম্প্রসারিত অবস্থায়
১৩. (ক) প্রার্থীর সংশ্লিষ্ট ওয়ার্ডে মৃত বা অবসরপ্রাপ্ত মহানুদারের পুত্র, কন্যা বা সরাসরি পোষ্য কিনা?
(খ) হ্যাঁ হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহানুদারের নাম:
(গ) মৃত্যুর / অবসর গ্রহণের তারিখ:
১৪. (ক) প্রার্থী অন্য কোন কোটার দাবীদার কিনা?:
(খ) হ্যাঁ হলে কোটার নাম:

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সত্য। আমার প্রদত্ত কোন তথ্য কোন গড়মিল পাওয়া গেলে বা মিথ্যা প্রমানিত হলে আমার আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আমার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা মেনে নিতে বাধ্য থাকব।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ